চুয়াডাঙ্গায় জেলা রোভার স্কাউটসের সুবর্ণ জয়ন্তী ডে-ক্যাম্প অনুষ্ঠিত

“স্কাউটিং করবো “স্মার্ট বাংলাদেশ গড়বো” এই প্রতিপাদ্যে চুয়াডাঙ্গা জেলা রোভারের আয়োজনে চুয়াডাঙ্গা সরকারি কলেজ মাঠে দিনব্যাপী ডে-ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার সকাল নয়টার সময় চুয়াডাঙ্গা সরকারি কলেজ মাঠে চুয়াডাঙ্গা জেলা রোভারের যুগ্ম সম্পাদক ও নিগার সিদ্দিক ডিগ্রি কলেজের অধ্যক্ষ মোঃ আবু নাসিরের সভাপতিত্বে ডে-ক্যাম্পের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) মোঃ কবির হোসেন।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, দক্ষ, যোগ্য ও সুশৃঙ্খল জাতি গঠনে রোভার স্কাউটের বিকল্প নেই।মাননীয় প্রধানমন্ত্রী বাংলাদেশকে স্মার্ট বাংলাদেশ হিসেবে গড়ে তুলতে বিভিন্ন পদক্ষেপ নিয়েছেন। আগামী ২০৪১ সালের স্মার্ট বাংলাদেশের আমরা যে স্বপ্ন দেখছি সেটা বাস্তবায়নের দেশের অন্যান্য সামাজিক ও পেশাজীবী সংগঠনের মতো কাজ করে যাচ্ছে রোভার স্কাউটসের সদস্যরা। আমি মনে করি ছাত্র জীবনের শুরুতেই স্কাউটিং এর মত একটি সামাজিক সংগঠনের সাথে কাজ করা প্রত্যেক শিক্ষার্থীর দরকার কারণ এখান থেকেই একজন শিক্ষার্থী নিজেকে সুনাগরিক হিসেবে গড়ে তুলতে পারবে।

স্বাগত বক্তব্যে চুয়াডাঙ্গা জেলার রোভারের সম্পাদক ও চুয়াডাঙ্গা সরকারি কলেজ বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক জাহিদুল হাসান বলেন, স্কাউটিং নতুন প্রজন্মকে নৈতিক ও জীবনধর্মী প্রশিক্ষণ দিয়ে থাকে। এর মাধ্যমে তরুণদের মাঝে আধুনিক, প্রগতিশীল ও সৃজনশীল গুণাবলী বিকশিত হয়। ফলে স্কাউট সদস্যরা সেবার মন্ত্রে দীক্ষিত হচ্ছে এবং সচেতন দেশপ্রেমিক নাগরিক হিসেবে নিজেদেরকে গড়ে তুলছে। পরোপকারি হিসেবে সমাজ সেবার ক্ষেত্রে বিশেষ অবদান ও প্রশংসনীয় ভূমিকা রেখে যাচ্ছে। নানা প্রাকৃতিক দুর্যোগ বা কোভিড-১৯ কালীন স্কাউট সদস্যদের সেই আন্তরিকতা আমরা দেখতে পেয়েছি। স্কাউট আন্দোলনকে আরও বেগমান করার জন্য আমাদের সকলকে একসাথে কাজ করতে হবে।

বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চলের ৫০ বছর পূর্তি উপলক্ষে সুবর্ণজয়ন্তী রোভার মুট আগামী ১-৫ মার্চ রোভার পল্লী বাহাদুরপুর গাজীপুরে অনুষ্ঠিত হবে। এর পূর্ব প্রস্তুতি হিসাবে একযোগে বাংলাদেশের ৬৪টি জেলার মতো চুয়াডাঙ্গা জেলা রোভারের এই ডে- ক্যাম্পটি অনুষ্ঠিত হয়। চুয়াডাঙ্গা জেলা রোভার আয়োজিত এই ডে ক্যাম্পে ২৫টি দল অংশগ্রহণ করে এবং একজন রোভার স্কাউট লিডারের নেতৃত্বে ৮জন করে রোভার প্রতিটি দলে অংশগ্রহণ করে।

ক্যাম্প ভেন্যুতে রিপোর্টিং-এর মাধ্যমে শুরু হয় ক্যাম্পের আনুষ্ঠানিক কার্যক্রম। যার যার জন্য নির্ধারিত তাবু এড়িনা আবাস উপযোগী করে গড়ে তোলা এবং পারিপার্শ্বিক অবস্থা সাজিয়ে নেয়ার কাজ সম্পন্ন করে রোভার স্কাউটরা।

সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য ক্যাম্পের কার্যক্রম তিন ভাগে ভাগ করা হয়। কেন্দ্রীয় অনুষ্ঠান উদ্বোধনী-সমাপনি, স্কাউট স্কিল এবং নলেজ স্টেশন।

নিজের স্কিল উন্নয়নে রোভার স্কাউটরা কোড অ্যান্ড সাইফার, পাইওনিয়ারিং, প্রাথমিক প্রতিবিধান, অনুমান ও পযবেক্ষণ, নলেজ স্টেশন, রোড টু পিআরএস, আমার লগবুক এবং বেটার ওয়ার্ল্ড ফ্রেম ওয়ার্ক কার্যক্রমে অংশ নেন।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সরকারি কলেজ শিক্ষক পরিষদের সম্পাদক নজরুল ইসলাম, চুয়াডাঙ্গা জেলা রোভারের কোষাধ্যক্ষ মাকসুদুর রহমান, চুয়াডাঙ্গা জেলা রোভার নেতা আব্দুল মুকিত জোয়ার্দ্দার।

আরও উপস্থিত ছিলেন আব্দুল ওয়াদুদ শাহ্ ডিগ্রী কলেজের ইউনিট লিডার বশির আহম্মেদ, চুয়াডাঙ্গা জেলা রোভারের সহকারী কমিশনার(আইসিটি) এমদাদ হোসেন, সহকারী কমিশনার ও উথলী কলেজ রোভার দলের ইউনিট লিডার রাশেদুল ইসলাম, সহকারী কমিশনার ও কার্পাসডাঙ্গা ডিগ্রী কলেজের ইউনিট লিডার সাইফুল ইসলাম, চুয়াডাঙ্গা পৌর ডিগ্রি কলেজ রোভার দলের ইউনিট লিডার লিয়াকত আলী, দর্শনা ডি.এস ফাজিল মাদ্রাসা রোভার দলের ইউনিট লিডার মুনজুর আহমাদ, জীনননগর ডিগ্রী কলেজ গার্ল ইন রোভার দলের ইউনিট লিডার খাদিজা খাতুন, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সিনিয়র রোভার মেট সাকিব বিশ্বাস সহ চুয়াডাঙ্গা জেলা রোভারের ইউনিট লিডার ও রোভারবৃন্দ উপস্থিত ছিলেন।